তারিখ 07 MAY 2016
পৃষ্ঠা ৩ কলাম ৫

কালের কণ্ঠ



# ড. জাফর ইকবালের নিরাপত্তা জোরদার

সিলেট অফিস ▷

জনপ্রিয় লেখক, শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. মুহম্মদ জাফর ইকবালের নিরাপত্তাব্যবস্থা জোরদার করা হয়েছে। এখন থেকে দিনে দুজন ও রাতের বেলা তিনজন সশস্ত্র পুলিশ সার্বক্ষণিক এ অধ্যাপককে নিরাপত্তা দেবে।

সিলেট মহানগর পুলিশের অতিরিক্ত উপকমিশনার (গণমাধ্যম) মোহাম্মদ রহমত উল্লাহ বিষয়টি নিশ্চিত করে বলেন, গত শুক্রবার থেকেই এ ব্যবস্থা কার্যকর করা হয়েছে। তিনি জানান, পুলিশ হেডকোয়ার্টার্সের সিদ্ধান্ত অনুযায়ী এ ব্যবস্থা নেওয়া হয়েছে। হঠাৎ করে নিরাপত্তা জোরদার সম্পর্কে জানতে চাইলে তিনি বলেন, ড. জাফর ইকবালকে কোনো ধরনের হুমকি দেওয়ার তথ্য নেই। তবে সামগ্রিক পরিস্থিতিতে তাঁকে নিরাপত্তা দেওয়ার সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

মহানগর পুলিশের উপকমিশনার (সদর দপ্তর) মো. রেজাউল করিমের সঙ্গে যোগাযোগ করা হলে তিনি বলেন, 'ড. জাফর ইকবালের নিরাপত্তায় আগে থেকেই পুলিশ নিয়োজিত ছিল।